

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক গ্রেণ্টার

অনলাইন ডেক্স

০৭ সেপ্টেম্বর ২০২৪, ০৯:২৮ পিএম



অধ্যাপক আবু ইউসুফ মো. আবদুল্লাহ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ'র পরিচালক ও বেসরকারি নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান অধ্যাপক আবু ইউসুফ মো. আবদুল্লাহকে গ্রেণ্টার করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগ (ডিবি)। আজ শনিবার বিকেলে রাজধানীর বনানী থেকে তাকে গ্রেণ্টার করা হয়।

গ্রেণ্টার পর আবু ইউসুফ মো. আবদুল্লাহকে রাজধানীর মিন্টো রোডে অবস্থিত ডিএমপি ডিবি কার্যালয়ে নেওয়া হয়েছে। সেখানে তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানা গেছে।

আবু ইউসুফ মো. আবদুল্লাহর বিরুদ্ধে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে হত্যার অভিযোগে মামলা রয়েছে। এ ছাড়া তার বিরুদ্ধে অন্যান্য অভিযোগেও মামলা রয়েছে। এর আগে ২০২২ সালের ১০ জানুয়ারি প্রতারণা মামলায় গ্রেণ্টার হয়েছিলেন তিনি।

